

দরিরামপুরে শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক প্রস্তাবিত কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম অচিরেই চালু করা হবে

জিহুর রহমান খান, মিশালের দরিরামপুর থেকে ফিরে : শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, মিশালে প্রস্তাবিত কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম অচিরেই চালু করা হবে। সোমবার বিকেলে জাতীয় কবি নজরুল ইসলামের ১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষে মিশালে 'নজরুল মঞ্চে' দ্বিতীয় দিনের আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দানকালে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বাংলা সাহিত্য, সংগীত, সমাজসংস্কৃতি ও রাজনীতির অঙ্গনে কাজী নজরুল ইসলাম একটি উজ্জ্বল নক্ষত্র। নজরুলের রচনা আমাদের মহান যাবনিনতা যুগে ছিল প্রেরণার উৎস। এ জন্য কবির প্রতি আমরা চিরকৃতজ্ঞ।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মু. মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন ড. আশরাফ সিদ্দিকী, অধ্যাপক প্রদীপ কুমার বিশ্বাস, মো. আবদুর রশিদ, অধ্যাপক জসীম উদ্দিন, এস. এম. নাজমুল হক ভারা, অ্যাডভোকেট আনোয়ার আজিজ টুটুল ও মীর আলী রেজা। দ্বিতীয় পর্বে কিশোরগঞ্জ নেত্রকোনা, ঢাকা, ময়মনসিংহ ও মিশালের শিল্পীবৃন্দ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। এছাড়া সকালে কাজীর শিমলা দারোগাবাড়ি ও বিদ্যাভিরা বেপারি বাড়িতে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কাজির শিমলায় আলোচনা সভায় সভাপতিত্ব করেন আনন্দ মোহন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো. আজিজুর রহমান।

বক্তব্য রাখেন অধ্যাপক আনোয়ারুল হাকিম খান, কাজী কামরুজ্জামান প্রমুখ। বিদ্যাভিরা বেপারি বাড়ির আলোচনা সভায় সভাপতিত্ব করেন শহীদ শূতি সরকারি কলেজের অধ্যক্ষ হাসনাইন মুর্শিদ। বক্তব্য রাখেন অধ্যাপক ড. এ. কিউ. এম বজলুর রশীদ, অ্যাডভোকেট এম. এ হান্নান বান প্রমুখ। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।